

সাক্ষাৎকারের দিনক্ষণ ঠিক করা: এপয়েন্টমেন্টের জন্য কি কি দরকার

আবেদনকারীদেরকে আমাদের সেবা প্রদানকারী প্রতিষ্ঠান সাইমন গ্রুপের মাধ্যমে এপয়েন্টমেন্ট ঠিক করার জন্য অনুরোধ করা যাচ্ছে। সাইমনে একবার এসেই আপনারা আবেদন ফি জমা দিতে পারবেন, রেজিস্টার্ড ভিসা আবেদন ফরম পূরণ করতে ও তা জমা দিতে পারবেন এবং আপনার এপয়েন্টমেন্ট ঠিক করতে পারবেন। অন-অভিবাসী সকল ভিসা আবেদনকারীকে তাদের পরিকল্পিত ভ্রমণের কমপক্ষে ৯০ দিন আগে তাদের ভিসা ইন্টারভিউয়ের দিন-তারিখ ঠিক করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সকল অন-অভিবাসী ভিসা আবেদনকারীকে অবশ্যই অন-লাইন ডিএস-১৬০ ফরমটি পূরণ করতে হবে।

নতুন ডিএস-১৬০ ফরমটি <http://ceac.state.gov/genniv> ঠিকানায় পাওয়া যাবে।

এই ফরম পূরণের সময় আপনি প্রতিবার নেব্লট বা পরবর্তী বাটন চাপ দিলে আপনা-আপনিভাবেই অগের অংশটুকু সেভ হয়ে থাকবে। জমা দেয়ার আগে যদি আবেদনটি বন্ধ করতে চান, তাহলে ডান দিকের ওপরের কোণায় যে আবেদন আইডি দেখা যাবে সেটি লিখে রাখুন। পরে এই আবেদন আবার শুরু করলে এই নম্বরটির দরকার হবে। পরবর্তী ৩০ দিন আপনি এই ফরম আবারো বের করতে পারবেন। তিরিশ দিন পরে এই আবেদনের ওপর কাজ শেষ করতে চাইলে আপনি একটি ডিস্কে বা আপনার হার্ড ড্রাইভে তা সেভ করে রাখুন। আপনি যে পৃষ্ঠাটি লেখা শেষ করেছেন তার নীচের দিকে সেভ বাটনটি চাপুন এবং নির্দেশ অনুযায়ী এপ্লিকেশন ডাটা একটি ফাইলে সেভ করুন।

সাইমন ওভারসীজে কি কি সঙ্গে আনবেন

- একটি বৈধ পাসপোর্ট যার মেয়াদ যুক্তরাষ্ট্রে আপনার পরিকল্পিত ভ্রমণ সময়ের পরেও ৬ মাস থাকবে।
- প্রতি আবেদনের জন্য দুই কপি করে পাসপোর্ট সাইজের ছবি। এই ফটো হতে হবে পিডিএফ -৫৯.৮কেবি)
- প্রতি পাসপোর্টের সার্ভিস চার্জ বাবদ ৫০০ টাকা এবং ১৫% ভ্যাট
- ডিএস-১৬০ ফরম জমা দেয়ার কনফারমেশন পৃষ্ঠা এবং নীচের যে কোনটির একটি:
- অন-অভিবাসী ভিসা আবেদন ফি (সম পরিমাণ টাকায়); এবং
- প্রতিটি আবেদনের প্রক্রিয়াকরণ ফি হিসাবে ১০০ টাকা + ১৫% ভ্যাট;

অথবা:

স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাঙ্ক থেকে নেয়া অন-অভিবাসী ভিসা আবেদন ফির রশিদ।

সকল আবেদনকারীকে সাইমন ওভারসীজে ব্যক্তিগত তথ্য ও ভ্রমণ ইতিহাস সম্বলিত একটি প্রশ্নমালা পূরণ করতে হবে।

আপনার পাসপোর্টে জন্ম-বৃত্তান্ত পৃষ্ঠা এবং পাসপোর্ট নবায়নের বৈধতার কোন সীল মোহর থাকলে সেই পৃষ্ঠার ফটোকপি।

দ্রষ্টব্য:

কেবল সমপরিমাণ টাকায় ফি দেয়া যাবে। সকল ফি অফেরৎযোগ্য। ফি হিসাবে কোন চেক বা ক্রেডিট কার্ড নেয়া হবে না।

কিছু কিছু অন-অভিবাসী ভিসা আবেদনের বেলায় বাড়তি প্রক্রিয়াকরণের দরকার হয়। আমরা বুঝি যে, এর ফলে ভিসা দিতে যে দেরি হয়, তা আপনার ভ্রমণ পরিকল্পনা বিঘ্নিত করতে পারে। তা সত্ত্বেও, যুক্তরাষ্ট্রের অন্যান্য দূতাবাস ও কমসুলেটের মত এই দূতাবাসকেও অবশ্যই যুক্তরাষ্ট্রের আইন অনুযায়ী ভিসা প্রদানের সিদ্ধান্ত নিতে হয়। কোন কোন ক্ষেত্রে, এজন্য অনেক সময়ের

দরকার পড়ে। আমরা আগাম বলতে পারিনা, কখন এই অতিরিক্ত প্রক্রিয়াকরণের কাজ শেষ হবে। এই কারণে, আমরা সকল আবেদনকারীকে অনুরোধ করব, পরিকল্পিত ভ্রমণের কমপক্ষে তিন মাস আগে আপনারা আবেদন করবেন।